02 SEP 2018

তারিখ ... 02 AUG 2018
পৃষ্ঠা ...

কালের কণ্ঠ

# বিশ্ববিদ্যালয় দিবস

রাউজান (চট্টগ্রাম) প্রতিনিধি ▷

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) গতকাল বৃহস্পতিবার ১৪তম বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে দিনব্যাপী কর্মসূচির মধ্যে ছিল রক্তদান, বৃক্ষরোপণ, আনন্দযাত্রা, আলোচনা সভা, প্রীতি ফুটবল ম্যাচ ইত্যাদি। অনুষ্ঠানমালায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সরকারের পরিকল্পনা কমিশনের সদস্য আবদুল মান্নান। সভাপতিত্ব করেন চুয়েটের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম। চুয়েট কেন্দ্রীয় অডিটরিয়ামে আয়োজিত আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন পুরকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হযরত আলী, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. আশুতোষ সাহা, যন্ত্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মাহবুবুল আলম, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ আব্দুল মতিন ভুঁইয়া, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মোস্তফা কামাল। স্বাগত বক্তব্য দেন রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. ফারুক-উজ-জামান চৌধুরী।